গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
(www.rdcd.gov.bd)

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.৯৯.২২৯.১৮-৭৩

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩২ / ১৮ আগস্ট ২০২৫

কোটেশন আহবান

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের শাখা/অধিশাখা/দপ্তরে ইন্টারনেট লাইন সংযোগ প্রদানের নিমিত্ত প্রকৃত সরবরাহকারী/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ২৭.০৮.২০২৫ তারিখ সকাল ১১.৩০ ঘটিকার মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে রক্ষিত বাক্সে (কক্ষ নং-৬৪০, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) কোটেশন দাখিল করতে হবে। আগামী ২৬.০৮.২০২৫ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে অত্র অফিস থেকে কোটেশনের সিডিউল সংগ্রহ করা যাবে। কোটেশন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর দপ্তর (সেবা শাখা) হতে জানা যাবে।

শর্তাবলীঃ

১। কোটেশন আগামী ২৭.০৮.২০২৫ তারিখ সকাল ১১.৩০ ঘটিকার মধ্যে কক্ষ নং-৬৪০, ভবন নং ০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় রক্ষিত বাক্সে জমা দিতে হবে।

২। আগামী ২৭.০৮.২০২৫ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কক্ষ নং-৬২৯ এ কোটেশন দাখিলকারী বা তাঁর মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে (যদি থাকেন) কোটেশনসমূহ খোলা হবে। কোন কারণে উক্ত তারিখে কোটেশন উন্মুক্ত করা সম্ভব না হলে পরবর্তীতে যে কোন কার্যদিবসে কোটেশনসমূহ খোলা হবে।

৩। কোটেশনের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট সনদ এবং ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট এর সত্যায়িত কপি সংযোজন করতে হবে;

৪। কোটেশন দাখিলকারীর বিল হতে সরকারী বিধি-বিধান মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে;

৫। কোটেশনে বর্ণিত এ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

৬। দাখিলকৃত কোটেশনের মধ্যে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে কোটেশন মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে কার্যাদেশ প্রদান করা হবে;

৭। কার্যাদেশ প্রদানের ০৭(তিন) কার্যদিবসের মধ্যে সিডিউল মোতাবেক ইন্টারনেট লাইন সংযোগ স্থাপন কার্যক্রম সম্পন্ন করতে হবে। অন্যাথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৮। যে কোন কোটেশন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৮/০৮/২৫

(কল্যাণ চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-২২৩৩৫৫৫৭০
(e-mail:admin1.section@rdcd.gov.bd)

বিতরণ:

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩। উপসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৫। সিস্টেম এনালিষ্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ে ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৭। নোটিশ বোর্ড, ২ নং গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। নোটিশ বোর্ড, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, নবাব আব্দুল গণি রোড, ঢাকা।